

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০. ৯৯৮

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

চেয়ারম্যান
নাভানা রিয়েল এস্টেট লিঃ
প্লট-৩/এ, রোড-৯০
গুলশান-২, ঢাকা-১২১২।
ফোন-০১৭০৮-৪৬৬৪৪০।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

- সূত্রঃ (১) আবেদন নং-৪৭৫৮ (কাফরুল), এসই(পিএন্ডডি)- ৬৭১, তাং- ০৭/০৫/২০১৯।
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.৭৫৬, তাং- ২৬/০৫/২০১৯।
(৩) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৫৮২, তাং- ২১/১১/২০১৯।
(৪) ০৯/০৮/২০২০ তারিখের পে-অর্ডার নং- ২৭০৭৩৮৭ (ডিবিবিএল), টাকা = ১,০০,০০,০০০/-
(৫) ১৬/০২/২০২০ তারিখের পে-অর্ডার নং- ২৩১৪৬৫৭ (ডিবিবিএল), টাকা = ৫০,০০,০০০/-
(৬) ১৯/০৩/২০২০ তারিখের পে-অর্ডার নং- ২৭০৬৮১৯ (ডিবিবিএল), টাকা = ৫০,০০,০০০/-
(৭) ২৫/০৮/২০২০ তারিখের পে-অর্ডার নং- ২৭০৭৪৬০ (ডিবিবিএল), টাকা = ৪৮,৪০,২৬৫/-
(৮) ২৫/০৮/২০২০ তারিখের পে-অর্ডার নং- ২৭০৭৪৫৯ (ডিবিবিএল), টাকা = ৩০,০০০/-
(৯) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৪.৩১.০০১.২০.৮৮০, তাং-২৪/০৯/২০২০ খ্রিঃ।
(১০) ১২/১০/২০২০ তারিখের পে-অর্ডার নং-৫৫৯৪১৫০ (ইউসিবি লিঃ) টাকা=৯০,০০০/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'নাভানা রিয়েল এস্টেট লিঃ (নাভানা স্প্রিং ডেল)', প্লট-১/৩, ব্লক-ডি, সেকশন-১৫, মিরপুর, ঢাকা স্থপনার ব্লক-২ ও ৩ এর জন্য ১০০০ (এক হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে সেপ্টেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেডি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (কাফরুল) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো কর্তৃক নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১১। ২(দুই) টি RMU স্থাপনের জন্য আপনার মাস্টার প্লানে চিহ্নিত ২(দুই) টি স্থানে ১৫'x১২' ক্ষেত্রফলের পৃথক ২ (দুই) টি কক্ষ সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিওবি বিভাগের নিকট বাস্তবে হস্তান্তর এবং উক্ত কক্ষে ডেসকো কর্তৃপক্ষের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।
- ১২। ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য যথাযথ কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/রাজউক/সংশ্লিষ্ট সংস্থা) হতে রাস্তা খননের প্রয়োজনীয় অনুমোদন নিজ ব্যয়ে ও নিজ দায়িত্বে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- ১৩। উক্ত ছাড়পত্র সেপ্টেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগীতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


(প্রকৌঃ এ.কে.এম.আখতারুজ্জামান)
নিবাহী প্রকৌশলী (পিএন্ডডি)
ও

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), অতিরিক্ত দায়িত্ব

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ওয়েস্ট জোন-১।
- ৩। নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (কাফরুল)।
- ৪। অফিস কপি।